

বাণিজ্যিক আইন উন্নয়নমূলক কর্মসূচি  
উপস্থাপন করছে  
সরকারি-বেসরকারি অংশীদারিত্ব বিষয়ক ওয়েবিনার  
সিরিজ



প্রকল্প বাস্তবায়নকারী:



# সরকারি বেসরকারি অংশীদারিত্ব: সাবকন্ট্র্যাটস এবং ফিন্যান্স ডকুমেন্টস



বিশ্ব জুড়ে ব্যবসায়ের আইনী পরিবেশ উন্নত করা

মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য অধিদপ্তর | CLDP



# CLDP

Commercial Law Development Program  
Office of General Counsel  
United States Department of Commerce

IMPROVING THE LEGAL ENVIRONMENT FOR BUSINESS WORLD WIDE

## CLDP সম্পর্কে

- **লক্ষ্য:** বিশ্ব জুড়ে ব্যবসায়ের আইনী পরিবেশের উন্নয়ন
  - 1992 সালে প্রতিষ্ঠিত
  - মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য অধিদপ্তরের পক্ষ থেকে আইনী বিষয়ক কারিগরি সহায়তা সরবরাহ করে
- **আমরা কী করে থাকি:** মার্কিন যুক্তরাষ্ট্রের বৈদেশিক নীতি লক্ষ্য সমর্থন করে এমন বাণিজ্যিক আইনী সংস্কার বাস্তবায়ন করতে CLDP উন্নয়নশীল এবং সংঘাত-পরবর্তী দেশসমূহের সাথে অংশীদার হয়।
  - সরকার-থেকে-সরকার কারিগরি সহায়তা স্বাগতিক রাষ্ট্রকে যা যা করতে সাহায্য করে:
    - 1) তাদের বাণিজ্যিক আইনী পরিবেশকে আধুনিকীকরণ করতে
    - 2) তাদের অর্থনৈতিক উন্নতিতে সহায়তা করতে



# আজকের উপস্থাপক



## জেমস ডব্লিউ. হেড

- আমেরিকা, আফ্রিকা, এশিয়া, ইউরোপ এবং মধ্য প্রাচ্যের অ্যাটর্নীদের সমন্বিত একটি আন্তর্জাতিক আইন সংস্থা হান্টন অ্যান্ড্রুজ কুর্ট এলএলপি (Hunton Andrews Kurth LLP)-এর শক্তি ও অবকাঠামো দল (Energy & Infrastructure Team)-এ অংশীদার
- মার্কিন যুক্তরাষ্ট্র ও তার বাইরে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের উপর ফোকাসসহ প্রকল্প অর্থায়ন ও অবকাঠামো নিয়ে কাজ করার এক দশকের অভিজ্ঞতা



## ক্রিস অন্ডারম্যান

- আমেরিকা, আফ্রিকা, এশিয়া, ইউরোপ এবং মধ্য প্রাচ্যের অ্যাটর্নীদের সমন্বিত একটি আন্তর্জাতিক আইন সংস্থা হান্টন অ্যান্ড্রুজ কুর্ট এলএলপি (Hunton Andrews Kurth LLP)-এর শক্তি ও অবকাঠামো দল (Energy & Infrastructure Team)-এ সহযোগী
- দেশীয় এবং আন্তর্জাতিক প্রকল্প অর্থায়িত অবকাঠামো প্রকল্পগুলোর বিষয়ে পরামর্শ প্রদান করে



# আজকের আলোচ্য বিষয়তালিকা

## 1) পর্যালোচনা – পিপিপি এবং অর্থায়ন মডেল


- সরকারি বেসরকারি অংশীদারিত্ব কী?
- সরকার কিভাবে অবকাঠামোতে অর্থায়ন করতে পারে?
  - স্বাগতিক সরকারের অর্থায়ন
  - সম্পদ-ভিত্তিক অবকাঠামো অর্থায়ন
  - প্রকল্প অর্থায়ন

## 2) সাবকন্ট্রাক্ট

- ফ্লো-ডাউন (Flow-Down) বিধান সাধারণভাবে
- আইপিপি-র জন্য সাবকন্ট্রাক্ট
- সড়ক সুবিধার (Road Concessions) জন্য সাবকন্ট্রাক্ট
- PFI স্কুল প্রকল্পের জন্য সাবকন্ট্রাক্ট

## 3) ফিন্যান্স ডকুমেন্ট

- স্পনসর এবং কর্পোরেট ডকুমেন্ট
- আর্থিক অবকাঠামো এবং হেজিং
- ঋণদাতাদের অর্থ-প্রবাহ নিয়ন্ত্রণ, সুরক্ষা এবং প্রয়োগ



# সরকারি বেসরকারি অংশীদারিত্ব কী?

- সর্বজনীনভাবে গৃহীত কোনো সংজ্ঞা নেই, তবে ধারণাটি ভালভাবে উপলব্ধ।

- বিশ্বব্যাংক PPP-কে নিম্নোক্তভাবে সংজ্ঞায়িত করে:

কোনো সরকারি সম্পদ বা পরিষেবা সরবরাহ করার উদ্দেশ্যে কোনো সরকারি সত্তা বা কর্তৃপক্ষ এবং কোনো বেসরকারি সত্তার মধ্যে যেকোনো চুক্তি ভিত্তিক সমঝোতা যেখানে বেসরকারি পক্ষটি উল্লেখযোগ্য ঝুঁকি এবং পাশাপাশি ব্যবস্থাপনা ও কার্য পরিচালনার দায়িত্ব বহন করে।

1. একটি চুক্তি-ভিত্তিক সমঝোতা

অংশীদারদের মধ্যকার সম্পর্ক এবং অংশীদারিত্বের মধ্যে তাদের অধিকার w দায়বদ্ধতা মূলত চুক্তি দ্বারা নির্ধারিত হয়, আইন দ্বারা নয়।

2. কোনো সরকারি সত্তা বা কর্তৃপক্ষ এবং কোনো বেসরকারি সত্তার মধ্যে

3. সরকারি সম্পদ বা পরিষেবা সরবরাহ

সরবরাহকৃত সম্পদ বা পরিষেবা – প্রায়শই যা অবকাঠামো – জনসাধারণের উপকারের উদ্দেশ্যে।


4. বেসরকারি অংশীদার উল্লেখযোগ্য ঝুঁকি বহন করে

বেসরকারি অংশীদার প্রধানত উন্নয়ন ও বিতরণের জন্য দায়বদ্ধ থাকে এবং সাধারণত আর্থিক ক্ষতির ঝুঁকিসহ ব্যর্থতার ঝুঁকি বহন করে।

বেসরকারি অংশীদারকে সাধারণত গ্রহণ করা আর্থিক ঝুঁকির বিবেচনায় অর্থ পরিশোধ করা হয়ে থাকে।



# সরকারি বেসরকারি অংশীদারিত্ব কী?



# আর্থিক মডেল

## সরকারের অর্থায়ন

- অবকাঠামোগত প্রকল্পের অর্থায়নের প্রচলিত পদ্ধতি
- সিকিউরিটি ইস্যু করার মাধ্যমে সরকার ঋণ উত্তোলন করবে বা বাজেটের আওতার মধ্য থেকে কোনো উদ্ভূতের মাধ্যমে বিনিয়োগ করবে
- প্রকল্পগুলো সরকারের ব্যালেন্স শিটে থাকে, পাবলিক ব্যালেন্স শিটের উপর বর্ধিত চাপ
- ব্যালেন্স শিটের দায়বদ্ধতা বৃদ্ধি পেতে থাকায় এটি আরও ঋণ নেয়ার সামর্থ্য হ্রাস করে

## সম্পদ-ভিত্তিক অর্থায়ন

- পুঁজি-ঘন প্রকল্পের জন্য বেসরকারি অর্থায়নের প্রাচীনতম ধরণ
- 1880-এর দশকে বাকু তেল ক্ষেত্র উন্নয়নের অর্থায়নের উদ্দেশ্যে প্রথম ব্যবহৃত হয়েছিল
- উত্তোলন থেকে সরকার একটি রয়্যালটি পায় যা আরও অবকাঠামোর অর্থায়নে ব্যবহৃত হতে পারে
- বাজার চাহিদা ও বেসরকারি অংশীদারের সাথে কার্যকর সম্পর্কের উপর নির্ভরতা


## প্রকল্প অর্থায়ন

- স্বতন্ত্র বিদ্যুৎ কেন্দ্রে (Independent Power Plant) অর্থায়নের মাধ্যমে 1970-এর দশকের শেষ দিকে শুরু হয়
- সরকারি, বেসরকারি ও আর্থিক অংশীদারদের মধ্যে একটি সুস্পষ্ট চুক্তিবদ্ধ সম্পর্ক ব্যাখ্যা করে
- সরকারি ব্যালেন্স শিটে প্রভাব সীমাবদ্ধ করে নতুন অবকাঠামো তৈরির জন্য সরকারকে একটি উপায়ের প্রস্তাব করে
- অবকাঠামোতে বেসরকারি বিনিয়োগের জন্য স্ট্যান্ডার্ডে পরিণত হয়





# প্রকল্প অর্থায়ন



# প্রকল্প চুক্তি – চুক্তির পরিসর



বাম থেকে ডানে যাওয়া বেসরকারি খাতের দায়বদ্ধতার মাত্রা, সংহত ডেলিভারি, ঝুঁকি স্থানান্তর এবং বেসরকারি অর্থায়নের পরিমাণ বৃদ্ধি করে




উৎস: Squire Patton Boggs

বিশ্ব জুড়ে ব্যবসায়ের আইনী পরিবেশ উন্নত করা

মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য অধিদপ্তর | CLDP


# সরকারি বেসরকারি অংশীদারিত্ব: সাবকন্ট্রাক্ট



বিশ্ব জুড়ে ব্যবসায়ের আইনী পরিবেশ উন্নত করা

মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য অধিদপ্তর | CLDP


# সাবকন্ট্রাক্ট



# সাবকন্ট্রাক্ট

## • ফ্লো-ডাউন বিধান কী?


- প্রকল্প ফিন্যান্সের নীতিমালার অধীনে, প্রকল্প কোম্পানি অবশ্যই কোনো প্রকারের ব্যতিক্রম ছাড়াই, সকল ডিজাইন, নির্মাণ অপারেশন এবং রক্ষণাবেক্ষণের বাধ্যবাধকতা নিভূরযোগ্য সাব-কন্ট্রাক্টরের কাছে ব্যাক-টু-ব্যাক ভিত্তিতে পাস-ডাউন করবে।
- ফ্লো-ডাউন বিধান এই প্রয়োজনীয়তা অর্জনের জন্য বাজার-পরীক্ষিত এবং অনুমোদিত পদ্ধতি সরবরাহ করে।
- ফিচারের মধ্যে রয়েছে:
  - আক্ষরিকভাবে চুক্তিভিত্তিক ভাষা
  - সহযোগিতার জন্য আবশ্যিক বিষয়াবলী
  - তথ্য সরবরাহ
  - স্টেকহোল্ডারদের সাথে সম্পর্ক বজায় রাখা
  - প্রকল্প কোম্পানি এবং সাব-কন্ট্রাক্টর সম্মত না হলে সরকারি কর্তৃপক্ষের কাছে কী জমা দেয়া হবে তা নিধারণ করার পদ্ধতি
  - শুধুমাত্র গ্রহণ করলেই প্রদান (Pay-if-Paid)




# সাবকন্ট্রাক্ট

## • সমতুল্য প্রকল্প অব্যাহতি (Equivalent Project Relief) কী?

- প্রকল্প কোম্পানির জন্য প্রজেক্ট কর্তৃপক্ষের কাছে সাব-কন্ট্রাক্টরদের যেকোনো দাবি হস্তান্তর করার একটি উপায়
- সরকারি কর্তৃপক্ষ থেকে প্রকল্প কোম্পানিকে দেয়া অব্যাহতির মাধ্যমে প্রকল্প কোম্পানি থেকে সাব-কন্ট্রাক্টরকে ব্যাক-টু-ব্যাক শর্তে দেওয়া অব্যাহতি
- যে পরিসরে প্রকল্প কোম্পানি একই অব্যাহতি সরকারি কর্তৃপক্ষ থেকে পায় এবং প্রকল্প কোম্পানি ঠিক যে পরিমাণে পায় কেবলমাত্র সেই পর্যন্তই সাব-কন্ট্রাক্টর এটি পাবে
- সাব-কন্ট্রাক্টর কর্তৃক আনিত দাবি সরাসরি প্রকল্প কোম্পানি কর্তৃক তদন্ত করা যেতে পারে বা প্রকল্প কোম্পানি সাব-অপারেটরকে তার পক্ষে তদন্ত করার অনুমতি দিতে পারে
- সাব-কন্ট্রাক্টর কর্তৃক আনিত দাবির জন্য প্রকল্প কোম্পানির একক ও একচেটিয়া দায়বদ্ধতা সমতুল্য প্রকল্প অব্যাহতির আওতাধীন




# সাবকন্ট্রাক্ট (IPPs)




# IPP সাবকন্ট্রাক্ট

- প্রকল্প কোম্পানি বিদ্যুৎ ক্রয় চুক্তি (পিপিএ)-র আওতাধীন তার সমস্ত মুখ্য ঝুঁকিগুলোকে তার সাবকন্ট্রাক্টরদের দিকে চাপিয়ে দেবে
  - EPC কন্ট্রাক্টর – একটি নির্ধারিত মূল্য ও সময়সূচির ভিত্তিতে উৎপাদন ফ্যাসিলিটি ডিজাইন, নির্মাণ, এবং কমিশন করা
    - ব্যয় বৃদ্ধি, যথাসময়ে সম্পূর্ণকরণ
  - জ্বালানি সরবরাহকারী – উৎপাদন ফ্যাসিলিটির জন্য যথাযথ জ্বালানি সরবরাহ করা
    - অপরিাপ্ত পরিমাণের জন্য ব্যয় ঝুঁকি, জরিমানা প্রদান
  - O&M কন্ট্রাক্টর – কমিশনের পর উৎপাদন ফ্যাসিলিটির অপারেশন এবং রক্ষণাবেক্ষণ
    - কর্মদক্ষতার প্রমিত মান, অপারেশনের ব্যয়






# সাবকন্ট্রাক্ট (সুবিধা)




# সুবিধা ভিত্তিক সাবকন্ট্রাক্ট (Concession Subcontracts)

- প্রকল্প কোম্পানি সুবিধা ভিত্তিক চুক্তির (Concession Agreement) আওতাধীন তার সমস্ত মুখ্য ঝাঁকগুলোকে তার সাবকন্ট্রাক্টরদের দিকে চাপিয়ে দেবে
  - D&B কন্ট্রাক্টর = নির্দিষ্ট মূল্য ও সময়সূচির ভিত্তিতে সড়ক ও সংশ্লিষ্ট কাজের (যেমন, টোল) ডিজাইন ও নিমাণ
    - ব্যয় বৃদ্ধি, যথাসময়ে সম্পূর্ণকরণ
  - টোল-সড়ক অপারেটর - টোল ফ্যাসিলিটির পরিচালনা
    - পরিচালন ব্যয় (টোল সংগ্রহ), কিছু মেরামত
  - রক্ষণাবেক্ষণ কোম্পানি - সড়কের রক্ষণাবেক্ষণ
    - ভিন্ন ভিন্ন পরিষেবার জন্য পৃথক পৃথক চুক্তি হতে পারে (সড়ক মেরামত, ধ্বংসাবশেষ সংগ্রহ, মূল রক্ষণাবেক্ষণ)
    - রক্ষণাবেক্ষণ ব্যয়, পারফরমেন্স স্ট্যান্ডার্ড জারিমানা (ঘটনার প্রতিক্রিয়া)
  - চাহিদা ভিত্তিক মূল্য নির্ধারণ ব্যবস্থা (ভিড-ভিত্তিক মূল্য নির্ধারণ)
    - যানবাহনের ভিড এবং টোলের মূল্য নির্ধারণ প্রকল্প কোম্পানির কাছে থাকবে




# সাবকন্ট্রাক্ট (PFI - Schools)




# PFI সাবকন্ট্রাক্ট

- প্রকল্প কোম্পানি সুবিধা ভিত্তিক চুক্তির (PFI Model) আওতাধীন তার সমস্ত মুখ্য ব্যক্তিগুলোকে তার সাবকন্ট্রাক্টরদের দিকে চাপিয়ে দেবে
  - D&B কন্ট্রাক্টর - একটি নির্দিষ্ট মূল্য ও সময়সূচীতে স্কুলের নকশা ও নির্মাণ
    - ব্যয় বৃদ্ধি, যথাসময়ে সম্পূর্ণকরণ
  - সার্ভিস কোম্পানি - নির্দিষ্ট পরিষেবাসমূহের সরবরাহ (নিরাপত্তা, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং ক্যাটারিং)
    - কর্মদক্ষতার প্রমিত মান, অপারেশনের ব্যয়
  - রক্ষণাবেক্ষণ কোম্পানি - ভবন রক্ষণাবেক্ষণ, মূলধনীয় উন্নতি এবং প্রতিস্থাপন
    - কর্মদক্ষতার প্রমিত মান, অপারেশনের ব্যয়




# সরকারি বেসরকারি অংশীদারিত্ব: অর্থ চুক্তি - স্পনসর এবং কর্পোরেট ডকুমেন্ট



বিশ্ব জুড়ে ব্যবসায়ের আইনী পরিবেশ উন্নত করা

মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য অধিদপ্তর | CLDP

# স্পনসর এবং অন্যান্য বিনিয়োগকারী



# দ্বিতীয় পর্যায়ের বিনিয়োগকারী এবং বাণিজ্যের উপর বিধিনিষেধ

- কোনো স্পন্সর ব্যবসা মডেল প্রকল্প সম্পন্ন ও  
আয় শুরু হবার পর প্রকল্প কোম্পানিতে থাকা  
বিনিয়োগ বিক্রির উপরে নির্ভর করতে পারে
- সম্ভাব্য বিনিয়োগকারীদের মধ্যে রয়েছে:
  - অবকাঠামো বিনিয়োগের পোর্টফোলিও তৈরি করছে  
এমন কন্ট্রাক্টররা
  - PPP বিনিয়োগ তহবিল
  - বিমা কোম্পানিগুলো
- সরকারি কর্তৃপক্ষ ও ঋণদাতারা প্রায়শই এই শর্ত  
দেয় যে নির্মাণ শেষ না হওয়া পর্যন্ত স্পন্সররা  
তাদের বিনিয়োগ বজায় রাখবে
  - সবচেহতে ঝুঁকিপূর্ণ পর্যায় - নির্মাণ - এর সময়কালে  
প্রকল্প পরিচালনা করার জন্য স্পন্সরদের উপরে নির্ভর  
করা
  - দীর্ঘমেয়াদী অপারেশনের জন্য প্রয়োজনীয় দক্ষতা  
থাকা স্পন্সরদেরকে তাদের স্বার্থ দীর্ঘ সময়ের জন্য  
বজায় রাখার প্রয়োজন হতে পারে



# বিনিয়োগের সিদ্ধান্ত

## • প্রকল্পটি কি পর্যাপ্ত মুনাফা আনবে?

- বিনিয়োগকারীদের নিজস্ব মূলধন ব্যয় (Cost of Capital) কী?

- মূল্যায়িত মূলধন ব্যয় (WACC) – নিজের ইকুইটি এবং ঋণ তহবিলের মূল্যায়িত মূলধন ব্যয়

## • ইকুইটি ব্যয় কী?

- সরকারি ঋণে ঝুঁকি মুক্ত বিনিয়োগের বিপরীতে তুলনা করে যেকোনো সংস্থার উপরে পুরোগকৃত সাধারণ ঝুঁকি প্রিমিয়াম এবং বিশেষ ঝুঁকি প্রিমিয়াম (যেটি স্টক মার্কেট কোম্পানির ব্যবসার উপরে আরোপ করে) বিবেচনা করতে হবে।

## • ইকুইটি IRR –

- যেখান থেকে উদ্ভূত
  - প্রকল্প কোম্পানির শেয়ার মূলধনে প্রাথমিক বিনিয়োগ
  - প্রকল্পের মেয়াদকালে এই মূলধনের লভ্যাংশ
  - যেকোনো অবশিষ্ট মূল্য (উদাঃ, PPP চুক্তির শেষে প্রকল্পের জমি বিক্রি থেকে)

$$WACC = \left( \frac{E}{E + D} \times Re \right) + \left( \frac{D}{E + D} \times Rd \times (1 - T\%) \right)$$

- E = কোম্পানির ইকুইটির বাজার মূল্য
- D = কোম্পানির বকেয়া ঋণ
- Re = ইকুইটির রিটার্ন, রিটার্নের হার হিসেবে প্রকাশ করুন
- Rd = ঋণের রিটার্ন (ঋণের ব্যয় সুদের হার হিসেবে প্রকাশিত)
- T% = কার্যকর করের হার

মূলধন অ্যাসেট ভিত্তিক মূল্য নির্ধারণ মডেল

(Capital Asset Pricing Model)

$$Re = Rf + \beta (Rm - Rf)$$

- Rf = the risk-free rate (cost of government debt)
- Rm = the market-risk premium (i.e., average rate of return which investors expect from investing in the equity market)
- $\beta$  (beta) = the risk premium for the particular company's business compared to the market as a whole, if the company risk is the same as the market as a whole  $\beta = 1$





# প্রকল্প কোম্পানির কাঠামো

- প্রকল্পের মূল চুক্তি ও আর্থিক সম্পর্কের অংশীদার
- প্রকল্প অর্থায়নে একটি পৃথক – Special Purpose Vehicle (SPV) – গঠিত হয়
  - ইক্যুইটি বিনিয়োগের বাইরে স্পনসরদের জন্য কোনো ক্ষতিপূরণ নেই
  - ঋণদাতারা প্রকল্পের নগদ অর্থ প্রবাহে প্রথম অগ্রাধিকার পায়
  - অসম্পর্কিত ব্যবসা নিয়ে সমস্যা থেকে রক্ষা করে

প্রকল্প কোম্পানি

- সরাসরি স্পনসর বা একটি হোল্ডিং কোম্পানির মাধ্যমে মালিকানাধীন হতে পারে
  - ঋণদাতাদের শর্ত হতে পারে
  - সম্ভাব্য ট্যাক্স সুবিধাদি
- প্রায়শই সীমিত দায় কোম্পানি বা অংশীদারিত্ব হিসেবে গঠিত হয়
  - স্পনসররা সীমিত অংশীদার হবে



# শেয়ারহোল্ডার চুক্তি

- একাধিক স্পনসর থাকলে শেয়ারহোল্ডারদের মধ্যে একটি শেয়ার হোল্ডার চুক্তি বাস্তবায়ন করা হবে
  - প্রকল্প কোম্পানি প্রতিষ্ঠিত হয়ে গেলে প্রায়শই আর্থিক সমাপ্তির সময় বা তার আগে করা হয়
  - প্রায়শই পূর্বে সম্পাদিত প্রকল্প উন্নয়ন চুক্তিকে রহিত করে
  - শেয়ারহোল্ডার চুক্তির মধ্যে থাকবে:
    - ইকুইটি এবং শেয়ারহোল্ডারের অধীনস্থ ঋণে সাবস্ক্রিপশন
    - বোর্ডে প্রতিনিধিত্ব
    - স্বার্থ বিষয়ক সংঘাতের মতো পরিচালনার বিষয় (যেমন, কোনো সাবকন্ট্রাক্টর একজন স্পনসর হলে এবং সেই সাবকন্ট্রাক্টরের সাথে ভোট সংশ্লিষ্ট থাকলে সাবকন্ট্রাক্টরের পরিচালক ভোট দেয়ার অনুমতি নাও পেতে পারে।)
    - পরিচালনার নিয়োগ ও কর্তৃত্ব
    - বাজেট নির্ধারণ
    - বিতরণ নীতি
    - প্রকল্প কোম্পানির সভায় শেয়ারের ভোট
    - স্পনসর কর্তৃক শেয়ার বিক্রয়




# ব্যবস্থাপনা ও পরিচালনা

- প্রকল্প-উন্নয়ন পর্যায়ের শেষের দিকে না আসা পর্যন্ত প্রকল্প কোম্পানি গঠিত নাও হতে পারে
  - প্রকল্প কোম্পানি গঠনের আগে আনুষ্ঠানিক পরিচালনা কাঠামোর অস্তিত্ব নাও থাকতে পারে।
- প্রকল্প কোম্পানির ন্যূনতম কর্মী রাখাই শ্রেয়
  - মহাব্যবস্থাপক (পরিচালনা পর্ষদের কাছে জবাবদিহি করে)
  - একজন বা দুজন সহকারী
- পরিচালক সাধারণত সরকারি কর্তৃপক্ষ ও প্রকল্প কোম্পানির "সম্মুখভাগ" এর যোগাযোগের স্থান হিসাবে কাজ করে

নিম্ন  
ঝুঁকি

উচ্চ  
ঝুঁকি



- কোনো স্থায়ী কর্মী নেই
- মূল ফাংশনগুলো সাবকন্ট্রাক্ট করা হয়
- তত্ত্বাবধান এবং কর্পোরেট কার্যক্রম তৃতীয় পক্ষ দ্বারা পরিচালিত হয়
- পরিচালকগণ শুধুমাত্র স্থায়ী উপস্থিতি

- প্রকল্পের সকল দিক অভ্যন্তরীণ রাখা
- কেবলমাত্র নির্মাণ সাবকন্ট্রাক্ট করতে পারে
- পদক্ষেপ যা প্রায়শই সুবিধার জন্য ব্যবহৃত




# বহিঃস্থ উপদেষ্টা

- বিড করা ও প্রকল্প-উন্নয়নের পর্যায়ে স্পনসররা বিভিন্ন উপদেষ্টা নিয়োগ করতে পারে
  - আইনী উপদেষ্টা
  - কারিগরি উপদেষ্টা
  - পরিকল্পনা ও পরিবেশ বিষয়ক পরামর্শক
  - বাজার বিষয়ক পরামর্শক
  - হিসাবরক্ষক
  - বিমা উপদেষ্টা
  - আর্থিক উপদেষ্টা



# সরকারি বেসরকারি অংশীদারিত্ব: আর্থিক চুক্তি - আর্থিক কাঠামো এবং হেজিং



বিশ্ব জুড়ে ব্যবসায়ের আইনী পরিবেশ উন্নত করা

মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য অধিদপ্তর | CLDP

# আর্থিক মডেল

- আর্থিক মডেল এমন একটি সরঞ্জাম যা বিড এবং প্রকল্প-উন্নয়নের পর্যায়ে নিযুক্ত হয়
  - RFP টেন্ডার করার পূর্বে মালিক প্রকল্পের সম্ভাব্যতা নির্ধারণের উদ্দেশ্যে আর্থিক মডেল ব্যবহার করতে পারেন
  - দরদাতারা বিড করার সময় মূল আউটপুট - যা হচ্ছে এর মূল্য - তা নির্ধারণের জন্য একটি আর্থিক মডেল ব্যবহার করবেন
  - ঋণদানকারীর মূল্যায়নের অংশ হিসেবে পর্যালোচিত হবে
  - প্রকল্প কোম্পানি বাজেট নির্ধারণে এবং যদি প্রয়োজ্য হয় তাহলে পুনরায় যেকোনো অর্থায়নের লাভ গণনা করতে মডেলটি ব্যবহার করতে থাকবে



# অর্থায়নের ব্যয়

অর্থ ফ্রি হয় না- ঋণদাতারা তহবিলের প্রাপ্যতা ও এর ব্যবহারের জন্য এবং পাশাপাশি নিজস্ব ব্যয়কেও কভার করার জন্য প্রকল্প কোম্পানির কাছ থেকে প্রিমিয়াম সংগ্রহ করবে

- ক্রেডিট মার্জিন - ঋণদাতার তহবিলের ব্যয় (LIBOR বা অন্য কোনো মানদণ্ড) এর চেয়ে 0.75%-1.5% বেশি, প্রায়শই প্রকল্পের ঝুঁকি প্রোফাইলের উপর ভিত্তি করে
- ঋণদাতার অতিরিক্ত ব্যয়
  - তারল্য বা মূলধন ব্যয়
  - আয়কর
  - বাজার ব্যাহতকরণ
- অঙ্গীকার ফি - উত্তোলন না করা তহবিল উপলভ্য রাখতে প্রকল্প সংস্থা কর্তৃক প্রদত্ত
  - সম্পূর্ণ ঋণ মার্জিন উপার্জন না হলেও এটি ঋণদাতাদেরকে নির্মাণ চলাকালে ঝুঁকির উপর যুক্তিসঙ্গত রিটার্ন সরবরাহ করে



- ফি - নিম্নলিখিত বিষয়গুলোর উপর ভিত্তি করে ঋণদাতারা অর্থের ব্যবস্থা ও দায়গ্রহণের জন্য ফি গ্রহণ করবে:
  - আকার এবং জটিলতা
  - সম্পূর্ণ সময় ও কাজকর্ম
  - যেকোনো সফলতা-ভিত্তিক ফি এর ঝুঁকি
  - কাজের বিপরীতে ব্যাঙ্কের রিটার্ন লক্ষ্যমাত্রা
  - সিডিকেশন ঝুঁকি বহনের সময়ের দৈর্ঘ্য
  - সাব-আন্ডাররাইটিং বা অংশগ্রহণকারী ব্যাংকগুলোকে অংশগ্রহণে রাজি করানোর জন্য ফি এর পুনরায় অনুমোদন



# অর্থায়নের ব্যয়


- বন্ড এবং অন্যান্য নির্দিষ্ট হারের অর্থায়ন
  - একই ম্যাচুরিটির সরকারি বন্ডের উপরে ভিত্তি করে বন্ডের মূল্য নির্ধারণ হয়
  - ইস্যু স্প্রেড (Issue Spread) – সরকারি-বন্ডের হারের উপরের মূল্য প্রিমিয়াম
    - বন্ডের ঋণ রেটিং এবং সাধারণ বাজার সরবরাহ ও চাহিদার সংমিশ্রণের ভিত্তিতে
    - প্রায়শই শুধুমাত্র বন্ড রাখার সময় নির্ধারিত হয়, অগ্রীম কোনো সীমা (Cap) নির্ধারণ করা যেতে পারে
- বন্ড ফি – আর্থিক পরামর্শমূলক এবং দায়গ্রহণের ফি এর সংমিশ্রণ
  - আর্থিক পরামর্শ ফি ব্যাংকের ঋণ নেয়ার জন্য যে ফি তার অনুরূপ হতে হবে
  - দায়গ্রহণের ফি দায়গ্রহণের জন্য প্রতিযোগিতার মাত্রা দ্বারা প্রভাবিত হতে পারে
  - দায়গ্রহণকারীদের আস্থা রয়েছে যে তারা দায়গ্রহণের ফি কমে আসার (প্রায়শই 0.5% এর কম) পূর্বে বন্ড বিক্রি করতে পারবে





# ঋণ প্রোফাইল



- ঋণ মেয়াদ – এই প্রকল্পের স্বাভাবিক মেয়াদ পূরণ করার জন্য প্রায়শই 20 বছর বা তারও বেশি সময় প্রয়োজন যা সরকারি কর্তৃপক্ষের জন্য সাশ্রয়ী
  - ঋণদাতারা সংশ্লিষ্ট ঝুঁকিসমূহের সাথে পরিচিত হবার আগ পর্যন্ত তুলনামূলক নতুন PPP বাজারগুলোর ঋণের মেয়াদ প্রায়শই স্বল্প হয়
  - দীর্ঘ মেয়াদী ঋণের ঋণ পরিষেবাদ পেমেন্ট পরিমাণ কম থাকে যা কভার অনুপাতকে আরও ভাল করে
- প্রত্যুপার্ণ প্রোফাইল – ঋণের সম্পূর্ণ মেয়াদ ধরে “স্তরীকৃত (Levelized)” ঋণ পরিষেবা পেমেন্ট
  - প্রকল্পের নগদ প্রবাহের ওঠানামার কারণে এটি একটি বার্ষিক সময়সূচির উপর ভিত্তি করে তৈরি করা হবে যা ঋণের মেয়াদকাল ধরে “উপযোগী (Sculped)” হবে
- গড় মেয়াদ – ঋণ প্রিন্সিপাল বকেয়া থাকা গড় বছরের সংখ্যা
  - ঋণের মেয়াদকালে তাদের ঝুঁকি কত দ্রুত হ্রাস হয় তা পুনর্বিবেচনা করার এবং ঋণ পরিশোধের সময়সূচী বৃদ্ধি পেয়েছে তা নিশ্চিত করার জন্য ঋণদাতাদের উপায়। ঋণদাতাদের ঋণ নীতির অংশ হিসেবে গড়-মেয়াদের সীমাবদ্ধতা থাকতে পারে



# ঋণ প্রোফাইল

- নগদ-প্রবাহের টেইল - নির্ধারিত চূড়ান্ত প্রত্যাপনের সময়সূচি এবং PPP চুক্তির সমাপ্তির মধ্যকার সময়কাল

- সার্ভিস ফি ধারাবাহিকভাবে দেয়া হচ্ছে
- প্রকল্পের যখন নগদ প্রবাহ কম থাকে বা অন্যান্য সমস্যার মুখোমুখি হয় তখনকার জন্য বিল্ট-ইন সুরক্ষা মার্জিন
- নগদ-প্রবাহ টেইল কিছুটা আশ্বাস প্রদান করতে পারে যে প্রত্যাশার চেয়ে পরে ঋণ পরিশোধ করা হয়েছে
- প্রকল্পে রাজস্বের ঝুঁকি যত বেশি হবে, নগদ-প্রবাহ টেইল তত বেশি প্রয়োজন
  - সংক্ষিপ্ত মেয়াদে ঋণ পরিশোধের জন্য উচ্চতর পরিষেবা ফি
  - বিনিয়োগকারীদেরকে বিতরণের বিষয়টি নগদ প্রবাহের আরও পিছনে নেয়া হবে
- দরদাতারা সংক্ষিপ্ততম নগদ-প্রবাহ টেইল চাইবে
- সরকারি কর্তৃপক্ষকে দীর্ঘ নগদ-প্রবাহ টেইল থাকা PPP চুক্তি এড়িয়ে যেতে হবে



# ঋণ প্রোফাইল

- নমনীয় প্রত্যাপন - পেমেন্টের 2টি সময়সূচী
  - টার্গেট প্রত্যাপনসমূহ
  - সর্বনিম্ন প্রত্যাপন
- বেলুন প্রত্যাপন (Balloon Repayments) –  
পরিষেবা ফি এর সাথে সমন্বয় করার জন্য ঋণ  
পরিষেবা কমানোর একটি উপায়
  - 25 বছরের PPP চুক্তি 15 বছর ধরে অর্থায়ন করা হবে  
তবে 25 বছরের পেমেন্ট কাঠামোতে
  - প্রায়শই ধরে নেয়া হয় যে বেলুন পেমেন্টের পূর্বে ঋণকে  
পুনরায় অর্থায়ন করা হবে
- ক্যাশ সুইপ (Cash Sweep) – বিনিয়োগকারীদের  
মধ্যে বিতরণ না করে ঋণের আগাম পেমেন্টের  
জন্য নগদ প্রবাহের কিছু বা সমস্ত ব্যবহার  
প্রয়োজন হয়
  - প্রায়শই বেলুন প্রত্যাপনের সাথে একত্রে ব্যবহৃত হয়
  - বেলুন পেমেন্টের পূর্বে ঋণের প্রত্যাপন
- ঋণ বৃদ্ধি (Debt Accretion) – ঋণ হ্রাস ও ঋণের  
পরিমাণ বৃদ্ধিকে সমর্থ করে (মূল পরিমাণে সুদে  
যুক্ত করা হয়)
  - PPP চুক্তির মেয়াদ অনেকদিন না হওয়া পর্যন্ত প্রত্যাপন  
শুরু হয় না
  - প্রায়শই দীর্ঘ সুবিধায় ব্যবহৃত হয় (50 বছর বা তার  
বেশি)
- আপেক্ষিক অর্থায়ন – অপ্ৰত্যাশিত  
ঘটনাবলীর জন্য হাতে অতিরিক্ত তহবিল
  - মূলধন ব্যয়ের বাজেটে একটি অনিশ্চয়তা যুক্ত করা
  - প্রয়োজন না হলে উত্তোলন না করা তহবিল বাতিল হয়ে  
যাবে
  - যদি অতিরিক্ত "স্ট্যান্ডবাই" ইক্যুইটি বা ঋণ সরবরাহ  
করা হয় তাহলে আকস্মিক পরিমাণ উত্তোলিত হবার  
পূর্বে এটি ব্যবহৃত হবে




# কভার হারসমূহ

- প্রথাগত দীর্ঘমেয়াদী কর্পোরেট ঋণ অনুপাত প্রকল্প অর্থায়নের জন্য উপযুক্ত নয়
  - স্বল্পমেয়াদী তারল্য রিজার্ভ অ্যাকাউন্টগুলোর মাধ্যমে নিশ্চিত করা হয়
  - দীর্ঘমেয়াদী কর্পোরেট ঋণ কেবল সুদ দেওয়ার ক্ষমতাকে বিবেচনা করে, ঋণ পরিশোধের ক্ষমতাকে নয়
  - মূলত প্রকল্প চুক্তির ভিত্তিতে হবার কারণে কোনো প্রকল্প কোম্পানির অ্যাসেটের শেষ মূল্য (Residual value) অনুমান করা যায় না।
- যে ঋণ উত্তোলন করতে হবে তার পরিমাণ প্রাথমিকভাবে একটি আরামদায়ক সুরক্ষা মার্জিনসহ ঋণ পরিষেবা প্রদানের অনুমিত ক্ষমতা দ্বারা নির্ধারিত হয়।
  - ঋণ পরিষেবার জন্য নগদ প্রবাহ উপলভ্য
  - বার্ষিক ঋণ-পরিষেবার কভার হার
  - ঋণ-মেয়াদ কভার হার
  - ঋণ-মেয়াদ কভার হার



# স্পন্সরদের ক্ষতিপূরণ

- প্রকল্প কোম্পানিতে থাকা ইকুইটি হল স্পন্সরদের একমাত্র আর্থিক বাধ্যবাধকতা
- প্রকল্পটি সম্পন্ন হয়েছে তা নিশ্চিত করতে সরকারী কর্তৃপক্ষ স্পন্সর বা সাবকন্ট্রাক্টরের কাছ থেকে গ্যারান্টি বা পারফরম্যান্স বন্ডিং চাইতে পারে
  - প্রায়শই সরবরাহ করা কঠিন - ঋণদানকারীরা এই ধরনের যেকোনো সুরক্ষায় প্রথম অগ্রাধিকার চায়
  - সরকারি কর্তৃপক্ষকে প্রাথমিকভাবে স্পন্সর ও সাবকন্ট্রাক্টরদের গুণমান ও সামর্থ্যের বিষয়ে নিজস্ব মূল্যায়নের উপরে নির্ভর করতে হবে
  - PPP চুক্তিতে আর্থিক প্রণোদনাও একটি পর্যায়ের আশ্বাস প্রদান করে
- স্পন্সররা মাঝে মাঝে সীমিত-ক্ষতিপূরণের নিশ্চয়তা দেয়




# আর্থিক হেজিং

## • সুদ-হার ঝুঁকি

- বাণিজ্যিক ব্যাংকগুলো সাধারণত ঋণের মেয়াদে স্থির হারে ঋণ দেয় না (ম্যাচ করা ডিপোজিটের সাথে ঋণ অর্থায়ন করতে পারে না)
- “ফ্লোটিং” সুদের হার – ঋণের সুদ নির্ধারিত ব্যবধানে (যেমন, প্রতি 6 মাসে) বর্তমান বাজারের সাথে ক্রেডিট মার্জিন থাকা স্বল্প-মেয়াদী আমানতের জন্য সমন্বয় করা হয়

## • আর্থিক হেজিং সুদের হারের ঝুঁকি হ্রাস করে

- ফ্লোটিং-সুদের হারে নড়াচড়ার জন্য পরিষেবা ফি সমন্বয় করা যেতে পারে
  - সুবিধাসমূহ - ব্যবহারকারীরা মূল্য নির্ধারণে ধীরাবাহিক পরিবর্তন পছন্দ করবে না
- সুদের-হারের সোয়াপ – নির্দিষ্ট হারের ভিত্তিতে সুদ দেওয়ার বাধ্যবাধকতার সাথে ফ্লোটিং-হারের ভিত্তিতে সুদ প্রদানের বাধ্যবাধকতার বিনিময়
  - প্রকল্প কোম্পানি হেজ প্রোভাইডারকে ফ্লোটিং হার ও সম্মত স্থির হারের পার্থক্য প্রদান করবে যদি ফ্লোটিং হার স্থির হারের চেয়ে কম হয়
  - হেজ প্রোভাইডার প্রকল্প কোম্পানিকে ফ্লোটিং হার ও স্থির হারের পার্থক্য প্রদান করবে যদি স্থির হার ফ্লোটিং হারের চেয়ে কম হয়



# আর্থিক হেজিং

## • মুদ্রাস্ফীতি ইস্যু

- নামমাত্র বনাম বাস্তব
  - নামমাত্র – এতে রয়েছে (যদি থাকে তাহলে) মুদ্রাস্ফীতি প্রভাব (কোনো পেমেন্টের প্রসঙ্গে 'ভবিষ্যতের অর্থ'-তে যে পরিমাণ দেয়া হয়েছে (বা দেয়া হবে বলে প্রত্যাশিত))
  - বাস্তব – মুদ্রাস্ফীতির প্রভাব নেই (কোনো পেমেন্টের প্রসঙ্গে, আজ অর্থ প্রদান করা হয়েছে, এমনকি ভবিষ্যতের তারিখে হলেও)
- দরদাতারা বাস্তব ভিত্তিতে সার্ভিস ফি কৌট করতে পারে যা মুদ্রাস্ফীতির জন্য সমন্বয়ের (Indexation) সাপেক্ষ
- ঋণ পরিষেবা সাধারণত নামমাত্রের ভিত্তিতে পেমেন্টের একটি নির্দিষ্ট সিরিজ
- মুদ্রাস্ফীতি সূচক
  - PPP পেমেন্ট ইন্ডেক্স করার জন্য সরকারি কর্তৃপক্ষকে সর্বাধিক উপযুক্ত মুদ্রাস্ফীতি সূচক বিবেচনা করতে হবে
    - সূচককে ব্যবসায়িক সেই খাতের সাথে সম্পর্কিত হতে হবে যেটিতে প্রকল্প কোম্পানি কাজ করছে
    - একটি সাধারণ ভোক্তা-মূল্য সূচক (যেমন, CPI) ব্যবহার করা উচিত



# সরকারি বেসরকারি অংশীদারিত্ব: আর্থিক চুক্তি – ঋণদাতাদের অর্থ-প্রবাহ নিয়ন্ত্রণ, সুরক্ষা এবং প্রয়োগ



বিশ্ব জুড়ে ব্যবসায়ের আইনী পরিবেশ উন্নত করা

মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য অধিদপ্তর | CLDP



# নগদ প্রবাহের নিয়ন্ত্রণ

- প্রকল্প কোম্পানির নগদ প্রবাহ প্রকল্পের সমস্ত পর্যায়ে ঋণদাতাদের দ্বারা নিবিড়ভাবে নিয়ন্ত্রণ করা হয়।
  - নির্মাণ পর্যায় - পরিকল্পনা অনুযায়ী তহবিল ব্যয় হচ্ছে তা নিশ্চিত করতে
  - অপারেশন পর্যায় - সম্মত অগ্রাধিকার অনুযায়ী নগদ প্রবাহ প্রয়োগ করা হচ্ছে তা নিশ্চিত করতে
- ডিসবার্সমেন্ট অ্যাকাউন্ট
  - প্রকল্প কোম্পানি তহবিল যেদিন প্রয়োজন সেই তারিখের পূর্বেই একটি উত্তোলন অনুরোধ জমা দেবে, এতে অন্তর্ভুক্ত থাকতে পারে:
    - কারিগরি পরামর্শদাতার দ্বারা প্রত্যয়িত হয়ে সাবকন্ট্রাক্টরদের কাছ থেকে পেমেন্টের অনুরোধ
    - অন্যান্য প্রয়োজনীয় উত্তোলনের উদ্দেশ্যের সংক্ষিপ্তসার
    - কিভাবে ব্যয়গুলোর অর্থায়ন করতে হবে (অর্থাৎ ইকুইটি বা ঋণ)
    - নির্মাণ বাজেটের সাথে মাসিক এবং সমষ্টিগতভাবে প্রকল্পের ব্যয়ের তুলনা করে
    - প্রকল্পটি সম্পন্ন করার জন্য পর্যাপ্ত পরিমাণ তহবিল উপলভ্য রয়েছে তা প্রদর্শন করে
    - অন্যান্য উত্তোলন শর্তাবলীর সাথে সম্মতি প্রদর্শন করে



# নগদ প্রবাহের নিয়ন্ত্রণ

## • নগদ-প্রবাহ ক্যাসকেড


- পরিচালনার সময় ঋণদাতারা "ওয়াটারফল" (পেমেন্টের অগ্রাধিকারের ক্রম) এর মাধ্যমে নগদ প্রবাহকে নিয়ন্ত্রণ করবে

## • রিজার্ভ অ্যাকাউন্ট

- ওয়াটারফল পেমেন্টগুলো রিজার্ভ অ্যাকাউন্টের প্রদান করা হয় যেটি রেভিনিউতে সাময়িক ঘাটতি বা অপারেটিং ব্যয় বৃদ্ধি পেলে প্রকল্প কোম্পানির তারল্য রক্ষা করতে পারে, নির্দিষ্ট উদ্দেশ্যে তহবিল গঠনের কাজ করে, বিশেষ তহবিলকে পৃথক করে (উদাঃ, বিমা আয়)
- ঋণ পরিষেবা রিজার্ভ অ্যাকাউন্ট (DSRA)
- ঋণ পেমেন্ট রিজার্ভ অ্যাকাউন্ট
- রক্ষণাবেক্ষণ রিজার্ভ অ্যাকাউন্ট
- আইনে পরিবর্তন রিজার্ভ অ্যাকাউন্ট
- বিমা আয় অ্যাকাউন্ট

## • বিনিয়োগকারীগণকে বিতরণের উপরে নিয়ন্ত্রণ

- বিনিয়োগকারীদের কাছে তহবিল বিতরণের পূর্বে প্রকল্প কোম্পানিকে কিছু নির্দিষ্ট কভার হার পূরণ করতে হবে



# সিকিউরিটি

- ঋণদাতার সিকিউরিটি নিশ্চিত করে যে:
  - প্রকল্পে সমস্যা হতে শুরু করলে ঋণদাতারা প্রাথমিক পর্যায়ে জড়িত থাকে
  - ঋণদাতারা প্রয়োজনে প্রকল্পটির দায়িত্ব গ্রহণ করে চালাতে পারে
  - তৃতীয় পক্ষগুলো (যেমন জামানতবিহীন পাওনাদার) প্রকল্পের অ্যাসেটের উপরে কোনো prior বা *pari passu* পায় না
  - ঋণদাতাদের সম্মতি ছাড়া প্রকল্পের অ্যাসেটের ফয়সালা হয় না
  - সমস্যায় পড়লে প্রকল্প কোম্পানির কর্তৃক সহযোগিতাকে ঋণদাতারা 'উৎসাহিত' করতে পারে।
- চুক্তি ও আর্থিক অ্যাসেটের সুরক্ষা
  - যেগুলোর উপরে ঋণদাতারা অ্যাসাইনমেন্ট অধিকার আশা করবে:
    - PPP চুক্তি
    - সাবকন্ট্রাক্ট এবং এই চুক্তির জন্য যেকোনো বন্ড বা গ্যারান্টি
    - বিমা
    - যেকোনো অব্যাহত পরামর্শমূলক চুক্তি

ঋণদাতার সিকিউরিটি  
প্যাকেজ

নগদ প্রবাহ নিয়ন্ত্রণ

চুক্তি ও আর্থিক অ্যাসেট

প্রকল্প কোম্পানির শেয়ার

স্টেপ-ইন অধিকার (প্রত্যক্ষ  
চুক্তি)

- ঋণদানকারীরা প্রকল্প কোম্পানির আর্থিক সম্পদের উপরেও সিকিউরিটি নেবে:
  - প্রকল্প কোম্পানির ব্যাংক অ্যাকাউন্টগুলোর প্রতিশ্রুতি
  - স্পন্সরদের কাছ থেকে ইকুইটিটির পেমেন্ট পাওয়ার প্রকল্প কোম্পানির অধিকারের হস্তান্তর
  - অধীনস্থ ঋণের আওতায় শেয়ারহোল্ডারদের দাবির হস্তান্তর
  - আর্থিক হেজটি যদি ভেঙে যায় তাহলে যেকোনো অর্থ গ্রহণ করার জন্য প্রজেক্ট কোম্পানির অধিকার হস্তান্তর
  - বিমা পলিসির হস্তান্তর

বিশ্ব জুড়ে ব্যবসায়ের আইনী পরিবেশ উন্নত করা

মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য অধিদপ্তর | CLDP



# সিকিউরিটি

- প্রকল্প কোম্পানির শেয়ারের বিপরীতে সিকিউরিটি
  - প্রকল্প কোম্পানির বিনিয়োগকারীদের শেয়ারের বদলে ঋণদাতা সিকিউরিটি গ্রহণ করে
    - ঋণদাতাকে চুক্তির হস্তান্তরের চেয়ে আরও দ্রুত প্রকল্প পরিচালনার দায়িত্ব নিতে সক্ষম করে
    - নেতিবাচক অঙ্গীকার (Negative Pledge) বিধান
  - হোল্ডিং কোম্পানি
    - প্রকল্প কোম্পানির পক্ষে একটি মধ্যস্থতাকারী হোল্ডিং কোম্পানির মালিকানাধীন থাকাটি স্বাভাবিক যার শেয়ারগুলো বিনিয়োগকারীর মালিকানাধীন এবং ঋণদাতাদের প্রতিশ্রুতিবদ্ধ
- প্রত্যক্ষ চুক্তিসমূহ
  - ঋণদাতাদের অবস্থান স্বীকার করে এবং সিকিউরিটি হিসেবে ঋণদাতারা চুক্তির কর্তব্য গ্রহণ করছে তাতে সম্মতি প্রদান করে ঋণদাতা, প্রকল্প কোম্পানি এবং সরকারি কর্তৃপক্ষের মধ্যে ত্রি-পক্ষীয় চুক্তি



# বিমা

- যে অ্যাসেটগুলোকে সরকারি কর্তৃপক্ষ বা সাবকন্ট্র্যাকটরদের দেওয়া যায় না প্রকল্প সংস্থাকে সেগুলোর ঝুঁকির জন্য বিমা নিতে হবে
- সরকারি কর্তৃপক্ষগুলো প্রায়শই স্ব-বিমা করে এবং নির্দিষ্ট পরিস্থিতিতে প্রকল্প কোম্পানিকেও তার আওতায় আনতে পারে
  - বিমার অনুপলভ্যতা
- PPP চুক্তিতে প্রকল্প কোম্পানির কভারেজের ধরণ ও পরিমাণ সরকারি কর্তৃপক্ষকে সুনির্দিষ্ট করে উল্লেখ করতে হবে
- বিমা দুটো পর্যায়: নির্মাণ এবং পরিচালনা
- নির্মাণ-পর্যায় বিমা:
  - সকল ঝুঁকি নির্মাণকারীর
  - তৃতীয়-পক্ষের দায়
  - স্টার্ট-আপে বিলম্ব ফোর্স মাজোর

- অপারেশন-পর্যায় বিমা:
  - সকল ঝুঁকিসমূহ
  - তৃতীয়-পক্ষের দায়
  - ব্যবসা প্রতিবন্ধক
  - অনিশ্চিত ব্যবসায় বিঘ্ন
- আইনতভাবে আবশ্যিক অন্যান্য নীতিমালা
  - নিয়োগকর্তার দায়বদ্ধতা
  - গাড়ির বিমা
- বিমার অযোগ্যতা
  - নির্দিষ্ট ধরণের বিনা উপলভ্য নাও থাকতে বা থাকলে বেশি দামি হতে পারে
  - PPP চুক্তির এই পরিস্থিতির দিকে দেখা উচিত
  - সরকারি কর্তৃপক্ষ ঝুঁকির বিরুদ্ধে প্রকল্প কোম্পানিকে দায় মুক্তি দিতে পারে
    - সার্ভিস ফি যা কম হবে তা প্রিমিয়ামে সঞ্চয় হবে
- ঋণদাতার শর্তাবলী




# অর্থ পরিশোধে অক্ষম হবার ক্ষেত্রে (Event of Default)

- পরিশোধে অক্ষমতা (EoDs) প্রকল্প কোম্পানির বিরুদ্ধে ঋণদাতাকে ব্যবস্থা গ্রহণ করায় সমর্থ করে
  - আর্থিক ডকুমেন্টগুলোতে ট্রিগারের সংজ্ঞায়িত সেট এবং প্রায়শই PPP চুক্তির আওতায় EoD-র জন্য একটি 'ক্যাচ-অল' অন্তর্ভুক্ত থাকে (অর্থাৎ PPP চুক্তির অধীনে একটি ডিফল্ট = আর্থিক ডকুমেন্টের অধীনে একটি ডিফল্ট)
  - যতক্ষণ না সমাধান করার জন্য প্রকল্প কোম্পানিকে একটি সুযোগ দেয়া হচ্ছে ততক্ষণ কোনো EoD একটি ডিফল্ট ট্রিগার করে না (কিছু কিছু EoD-র কোনো সমাধান সময়কাল নেই - যেমন, দেউলিয়া)
  - প্রকল্প এবং আর্থিক ডকুমেন্টগুলোতে এমন বিধান অন্তর্ভুক্ত করা উচিত যা ভবিষ্যতে কোনো EoD প্রতিরোধের জন্য প্রকল্প কোম্পানিকে নির্দিষ্ট পদক্ষেপ নিতে বলে (উদাঃ, প্রতিকারের পরিকল্পনা)
- কোনো EoD-র পরে ঋণদাতার কাছে থাকা বিকল্পসমূহ:
  - মওকুফ
  - প্রকল্পটি নির্মাণাধীন থাকলে ঋণ বন্ধ করে দেয়া (Drawstop)
  - বিনিয়োগকারীদের বিতরণ না করে ঋণদাতার অধীনে পৃথক অ্যাকাউন্টে ঋণ হ্রাস করার জন্য নেট নগদ প্রবাহ প্রয়োগ করতে হবে
  - ঋণদাতার সিকিউরিটি প্রয়োগ




# আন্তঃঋণদাতা সমস্যা



- প্রতিটি ঋণদাতার প্রকল্প সংস্থার সাথে নিজস্ব ঋণ চুক্তি থাকবে
- আর্থিক লেনদেনগুলো একসাথে কাজ করছে এবং ঋণদাতাদের মধ্যকার লড়াইয়ের মাঝখানে প্রকল্প কোম্পানি পড়ে যাচ্ছে না তা নিশ্চিত করার জন্য একটি সাধারণ শর্ত চুক্তি (CTA) ব্যবহৃত হবে
- CTA প্রকল্প কোম্পানিতে অর্থায়ন পরিচালনা করতে ঋণদাতাদের জন্য একটি সাধারণ পদ্ধতি প্রদান করে
  - ওয়াটারফল
  - সংশোধনী নিয়ে ভোট
  - ঋণ ডকুমেন্ট মওকুফ
  - প্রকল্প চুক্তি সংশোধন
  - জামানত এজেন্টের দায়িত্ব
  - প্রকল্প কোম্পানির সাধারণ প্রতিনিধি এবং ওয়্যারেন্টি (Reps and Warranties)
  - প্রকল্প সংস্থার চুক্তিপত্র



# প্রশ্ন এবং মন্তব্য?



# CLDP

COMMERCIAL LAW DEVELOPMENT PROGRAM



বিশ্ব জুড়ে ব্যবসায়ের আইনী পরিবেশ উন্নত করা

মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য অধিদপ্তর | CLDP



# CLDP PPP পূর্ব-রেকর্ডকৃত ওয়েবিনার সিরিজ

এখানে যান:


[www.cldp.doc.gov/PPP](http://www.cldp.doc.gov/PPP)

নিবন্ধন  
করুন

দেখুন



The screenshot shows the CLDP website's 'Public Private Partnerships (PPP) Series' page. The page features a navigation menu with options like 'ABOUT CLDP', 'AREAS OF EXPERTISE', 'COUNTRIES & REGIONS', 'WHO WE SERVE', 'PROGRAMS', and 'RESOURCES'. The main content area includes an 'Introduction to the Webinar Series' section with a video player and a 'PPP: Project Finance' section with a video player. The page also has a sidebar with 'Upcoming Programs' and 'CLDP in Action'.



The screenshot shows the 'PPP: Project Finance Registration' form. The form is titled 'PPP: Project Finance Registration' and has a search bar at the top. The form is divided into four sections, each with a required field:

1. Name \*
2. Organization \*
3. Country \*
4. Email address \*



The screenshot shows a YouTube video player for the video 'PPP: Unsolicited Proposals'. The video is titled 'PPP: Unsolicited Proposals' and is categorized as 'Unlisted'. The video player shows a thumbnail with the text 'Today's Agenda' and a list of topics: 'Lessons Learned From Global Survey of Unsolicited Proposals (USPs)' and 'Colorado's High Performance Transportation Enterprise's Experience with USPs'. The video player also shows the video progress bar and the video title.



বিশ্ব জুড়ে ব্যবসায়ের আইনী পরিবেশ উন্নত করা

মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য অধিদপ্তর | CLDP

# CLDP জরিপ এবং ওয়েবিনার মূল্যায়ন

- সন্তোষজনক সমাপ্তির পরে সনদপত্র গ্রহণ করুন
- 'আপনাকে ধন্যবাদ' ইমেইলে জরিপ ও ওয়েবিনার মূল্যায়নের লিঙ্কটি দেখুন





টেলি: +1 202 482 2400



1401 Constitution Avenue,  
NW, Washington,  
DC 20230



[www.cldp.doc.gov](http://www.cldp.doc.gov)



লিন্ডসে স্ক্যানেল (Lindsey  
Scannell)

সিনিয়র কাউন্সেল  
এশিয়া-প্যাসিফিক  
পোর্টফোলিও

[LScannell@doc.gov](mailto:LScannell@doc.gov)



অ্যাডাম গুডম্যান (Adam  
Goodman)

অ্যাটর্নি-অ্যাডভাইজর  
(Attorney-Advisor)

এশিয়া-প্যাসিফিক  
পোর্টফোলিও

[AGoodman@doc.gov](mailto:AGoodman@doc.gov)